গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা।
www.shniyd.gov.bd

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মহিউদ্দীন আহমেদ<br>সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>ও<br>সভাপতি, নির্বাহী কাউন্সিল |
| তারিখ | : | ১২-১১-২০২৩ খ্রি. |
| সময় | : | বেলা ১১ ঘটিকা |
| স্থান | : | সভাকক্ষ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক'
সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ও যুব সমাজের ধারাবাহিক উন্নয়নকল্পে তথ্য প্রযুক্তিসহ কর্মমুখী ও আয়বর্ধক প্রশিক্ষণের কোন বিকল্প নেই। তিনি আরও বলেন, প্রশিক্ষণের মাধ্যমে যুব ও যুবনারীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা এবং কর্মে নিয়োজিত করার ব্যবস্থা নিতে হবে। তিনি শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটকে "Centre of Excellence" হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নির্বাহী কাউন্সিলের সম্মানিত সকল সদস্যের পরামর্শ ও আন্তরিক সহযোগিতা কামনা করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ ইনস্টিটিউট এর মহাপরিচালক ও নির্বাহী কাউন্সিল এর সদস্য সচিব সভার আলোচ্যসুচিসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন/ অগ্রগতি |
|---|---|---|---|
| ০১. | **<u>৫ম সভার কার্যবিবরণী অনুমোদন:</u>**<br>সদস্য সচিব জানান, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের গত ২১-০৬-২০২৩ তারিখে অনুষ্ঠিত ৫ম সভার কার্যবিরণী সম্মানিত সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। | কোনরূপ সংযোজন/ সংশোধন প্রস্তাব না থাকায় ৫ম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল। |
| ০২. | **<u>৫ম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি:</u>**<br>সদস্য সচিব উল্লেখ করেন, নির্বাহী কাউন্সিলের ৪র্থ সভার ৫ ও ৬ নং ক্রমিকের সিদ্ধান্তের | ক) ইনস্টিটিউটের অর্গানোগ্রামে ডাক্তার, ইমাম ও মোয়াজ্জিন এর পদ অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন/ অগ্রগতি</th></tr>
<tr><td></td><td>প্রেক্ষিতে ইনস্টিটিউটে একজন খন্ডকালীন ডাক্তার, একজন ইমাম, একজন মোয়াজ্জিনকে নিয়োগ প্রদান করা হয়। পরবর্তীতে নির্বাহী কাউন্সিলের ৫ম সভায় অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের খন্ডকালীন ডাক্তার, ইমাম, মোয়াজ্জিন নিয়োগের প্রক্রিয়া পর্যালোচনা করে নিয়োগের বিষয়ে সুনির্দিস্ট প্রস্তাব উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বিপিএটিসি, সাভার, ঢাকায় খন্ডকালীন ডাক্তার নিয়োগ প্রক্রিয়া পর্যালোচনায় দেখা যায় যে, অর্গানোগ্রামে ডাক্তার এর পদ না থাকায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে সেখানে খন্ডকালীন ডাক্তার নিয়োগ প্রদান করা হয়েছে। এ বিষয়ে ইনস্টিটিউটে অনুরূপ পদ্ধতিতে নিয়োগ সম্পন্ন করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইনস্টিটিউটের প্রশিক্ষনার্থীদের জরুরি স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ এবং মসজিদে সুষ্ঠুভাবে এবাদত পরিচালনার স্বার্থে নিয়োগকৃত খন্ডকালীন ডাক্তার, ইমাম, মোয়াজ্জিনের নিয়োগ অব্যাহত রাখার বিষয়ে সভায় সদস্যগণ একমত পোষণ করেন। তবে ইনস্টিটিউট এর অর্গানোগ্রামে ডাক্তার, ইমাম, মোয়াজ্জিন এর পদ অন্তর্ভূক্ত করার প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>খ) স্থায়ী পদ সৃজন ও নিয়োগ না হওয়া পর্যন্ত খন্ডকালীন ডাক্তার, ইমাম ও মোয়াজ্জিন এর কার্যক্রম অব্যাহত থাকবে।</td><td></td></tr>
<tr><td>০৩.</td><td><u>ইনস্টিটিউটে ১ম ও ২য় শ্রেণির জনবলের শূন্য পদে নিয়োগ কার্যক্রম গ্রহণ:</u><br>সদস্য সচিব অবহিত করেন যে, ২৭ জুলাই ২০২২ তারিখে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ১ম ও ২য় শ্রেণির জনবল নিয়োগের নিমিত্ত ২২টি পদের অনুমোদন প্রদান করা হয়। নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে ২১/০৬/২০২৩ তারিখে নির্বাহী কাউন্সিল এর ৫ম সভার অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগপত্র জারী করা হয়। ১০/০৮/২০২৩ তারিখে নির্ধারিত সময়ের মধ্যে ১ম ও ২য় শ্রেণিতে সহকারী হোস্টেল সুপারিনটেনডেন্ট ব্যতীত মোট ২১ জন কর্মকর্তা যোগদান করেন। পরবর্তীতে ১৮/০৯/২০২৩ তারিখে “ইন্সট্রাক্টর (কমিউনিকেটিভ ল্যাংগুয়েজ ইংলিশ)” পদে যোগদানকারী ০১ জন কর্মকর্তা ইস্তফা প্রদান</td><td>ক) সহকারী হোস্টেল সুপারিনটেনডেন্ট ও ইন্সট্রাক্টর (কমিউনিকেটিভ ল্যাংগুয়েজ ইংলিশ) এর ২টি শূন্য পদে পুনঃনিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে। পরবর্তীতে এরূপ ইস্তফা প্রদানের ঘটনা পরিলক্ষিত হলে কিছুটা বিলম্বে শূন্য পদসমূহে একত্রে নিয়োগের কার্যক্রম শুরু করতে হবে।<br>খ) নিয়োগ কমিটি নিম্নরূপে গঠন করা হলো:<table><tr><td>১</td><td>মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট</td><td>সভাপতি</td></tr><tr><td>২</td><td>জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব/উপসচিব</td><td>সদস্য</td></tr></table></td><td>মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন/ অগ্রগতি</th></tr>
<tr><td></td><td>যোগদানকারী ০১ জন কর্মকর্তা ইস্তফা প্রদান করেন। বর্তমানে মোট ০২টি পদ শূন্য রয়েছে। শূন্য পদ ০২টিতে জনবল পুনঃনিয়োগের অনুমোদন প্রদানের প্রস্তাব সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় পুনঃনিয়োগের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। তবে পরবর্তীতে এরূপ ইস্তফা প্রদানের ঘটনা পরিলক্ষিত হলে আরও কিছু সময় অপেক্ষা করে পুনঃনিয়োগের কার্যক্রম গ্রহণ করার পরার্মশ প্রদান করা হয়।</td><td><table>
<tr><td></td><td>মন্ত্রণালয়ের যুগ্মসচিব/উপসচিব পর্যায়ের ০১জন কর্মকর্তা</td><td></td></tr>
<tr><td>৩</td><td>অর্থবিভাগের যুগ্মসচিব/উপসচিব পর্যায়ের ০১জন কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের ০১ জন কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>বিশেষজ্ঞ প্রতিনিধি (প্রযোজ্যক্ষেত্রে) ০১ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬</td><td>রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট</td><td>সদস্য সচিব</td></tr>
</table></td><td></td></tr>
<tr><td>০৪.</td><td><u>৩য় ও ৪র্থ শ্রেণি (গ্রেড ১১তম-২০তম) কর্মচারীদের নিয়োগ কমিটির সুপারিশমালা অনুমোদন:</u><br>২৭ জুলাই ২০২২ তারিখে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ৩য় ও ৪র্থ শ্রেণির জনবল নিয়োগের নিমিত্ত ১৫ টি পদের অনুমোদন প্রদান করা হয়। নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে ২১/০৬/২০২৩ তারিখে নির্বাহী কাউন্সিল এর ৫ম সভায় অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগপত্র জারী করা হয়। ১০/০৮/২০২৩ তারিখে নির্ধারিত সময়ের মধ্যে ৩য় ও ৪র্থ শ্রেণিতে মোট ১৩ জন কর্মচারী যোগদান করেন। ০১ জন স্টোর কিপার ও ০১ জন অফিস সহায়ক যোগদান না করায় ও যোগদান পরবর্তীতে ১৬/০৮/২০২৩ তারিখে হিসাব রক্ষক ও ১৭/১০/২০২৩ তারিখে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে কর্মরত ০২ জন কর্মচারী ইস্তফা পত্র দাখিল করায় মোট ০৪টি পদ বর্তমানে শূন্য রয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭/০৪/২০২৩ তারিখের ৯৬ নং স্মারকের পরিপত্র অনুসারে শূন্য ০৪টি পদে নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত অপেক্ষমাণ তালিকা হতে জনবল নিয়োগের অনুমোদন প্রদান করার প্রস্তাব উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বর্ণিত পরিপত্র অনুযায়ী ৪টি শূন্য পদে অপেক্ষমান তালিকা থেকে নিয়োগের স্বপক্ষে সদস্যগণ মতামত ব্যক্ত করেন। ভবিষ্যতে কেউ চাকুরী থেকে ইস্তফা প্রদান করলে</td><td>ক) ১২তম গ্রেডের ০১ জন হিসাব রক্ষক, ১৪তম গ্রেডের ০১ জন স্টোর কিপার, ১৬তম গ্রেডের ০১ জন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং ২০তম গ্রেডের ০১ জন অফিস সহায়ক এর শূন্য পদে নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত অপেক্ষমাণ তালিকার ১ নং ক্রমিকের প্রার্থীদের নিয়োগ প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭/০৪/২০২৩ তারিখের ৯৬ নং স্মারকের পরিপত্র অনুসারে নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত অপেক্ষমাণ তালিকার মেয়াদ থাকা কালীন পরবর্তীতে কোন পদ থেকে কেউ ইস্তফা প্রদান করলে সেই পদেও অপেক্ষমাণ তালিকা থেকে পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন/ অগ্রগতি</th></tr>
<tr><td></td><td>অপেক্ষমাণ তালিকার মেয়াদ থাকা সাপেক্ষে সে পদে উল্লিখিত তালিকা থেকে পূরণ করার বিষয়েও সদস্যগণ একমত পোষণ করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>০৫.</td><td><u>একাডেমিক কাউন্সিলের ৫ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ অনুমোদন:</u> ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিল এর ৫ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে একাডেমিক কাউন্সিলের বর্ণিত সভায় গৃহিত সুপারিশ/ সিদ্ধান্তসমূহ অনুমোদন করার বিষয়ে সভায় সদস্যগণ একমত পোষণ করেন।</td><td>২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিল এর ৫ম সভায় গৃহিত সুপারিশ/ সিদ্ধান্তসমূহ অনুমোদন করা হলো।</td><td>মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল।</td></tr>
<tr><td>০৬.</td><td><u>ইন্টারন্যাশনাল হোস্টেলের ভাড়া পুনঃনির্ধারণ ও সার্ভিস চার্জ রহিতকরণ:</u><br><br>সদস্য সচিব জানান, নির্বাহী কাউন্সিল এর ৩য় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ইন্টারন্যাশনাল হোস্টেলসহ অন্যান্য অবকাঠামো ব্যবহারের ক্ষেত্রে ভাড়া নির্ধারণ করা হয়। কিন্তু ইন্টারন্যাশনাল হোস্টেলের কক্ষের জন্য নির্ধারিত ভাড়া পার্শ্ববর্তী প্রতিষ্ঠানের তুলনায় অনেক বেশি। এছাড়াও ভাড়ার সাথে সার্ভিস চার্জ যুক্ত রয়েছে যা সার্কিট হাউসসহ পার্শ্ববর্তী কোন প্রতিষ্ঠানে নেই। ইন্টারন্যাশনাল হোস্টেলের আয় বৃদ্ধির স্বার্থে সার্ভিস চার্জ রহিতকরণসহ কক্ষের ভাড়ার হার পুনঃনির্ধারণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তার ক্ষেত্রে ইন্টারন্যাশনাল হোস্টেলের এসি রুম (সিঙ্গেল) ৫০০ টাকা ও এসি রুম (ডাবল) ১০০০ টাকা (প্রতিদিন) হারে এবং বেসরকারি ক্ষেত্রে এসি রুম (সিঙ্গেল) ৮০০ টাকা ও এসি রুম (ডাবল) ১৫০০ টাকা (প্রতিদিন) হারে নির্ধারণ করা হলো। একইসঙ্গে ইন্টারন্যাশনাল হোস্টেলের সার্ভিস চার্জ রহিত করা হলো।</td><td>মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।</td></tr>
<tr><td>০৭.</td><td><u>ইনস্টিটিউটের প্রশিক্ষণ নীতিমালার খসড়া অনুমোদন:</u><br>সদস্য সচিব জানান, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের কোন প্রশিক্ষণ নীতিমালা নেই। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এ সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। তিনি খসড়া প্রশিক্ষণ নীতিমালা, ২০২৩ সভায় উপস্থাপন করেন। নীতিমালাটি যাচাইয়ের লক্ষ্যে কমিটি গঠন এবং কমিটি কর্তৃক পরীক্ষাপূর্বক নীতিমালা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমোদনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন। খসড়া প্রশিক্ষণ নীতিমালা যাচাইয়ের লক্ষ্যে একটি</td><td>ক) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের প্রশিক্ষণ নীতিমালা, ২০২৩ এর খসড়া পর্যালোচনার জন্য নিম্নরূপে উপকমিটি গঠন করা হলো:
<table>
<tr><td>রেজিস্ট্রার,<br>শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>প্রতিনিধি<br>বিপিএটিসি</td><td>সদস্য</td></tr>
<tr><td>প্রতিনিধি<br>জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়</td><td>সদস্য</td></tr>
<tr><td>প্রতিনিধি<br>জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ</td><td>সদস্য</td></tr>
<tr><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট</td><td>সদস্য সচিব</td></tr>
</table></td><td>রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।</td></tr>
</table>

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন/ অগ্রগতি |
|---|---|---|---|
| | উপকমিটি গঠনের বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন। | কমিটি নির্বাহী কাউন্সিলের সদস্যগণের মতামত সংগ্রহ করত যথাযথভাবে নীতিমালা প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করবে।<br>খ) কমিটি কর্তৃক প্রস্তুতকৃত নীতিমালা ইনস্টিটিউটের একাডেমিক কাউন্সিলে উপস্থাপন ও সুপারিশগ্রহণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ব্যবস্থা নিতে হবে। | খ) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |
| ০৮. | **<u>ইনস্টিটিউটের গবেষণা নীতিমালার খসড়া অনুমোদন:</u>**<br>সদস্য সচিব জানান, ইনস্টিটিউটের খসড়া গবেষণা নীতিমালা প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটি গত ২৬ জুলাই ২০২৩ ও ০৬ নভেম্বর ২০২৩ তারিখে ০২ টি সভার মাধ্যমে ইনস্টিটিউটের খসড়া গবেষণা নীতিমালা প্রণয়ন এবং তা অনুমোদনের জন্য সুপারিশ প্রদান করেছে। সভায় নীতিমালা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে নির্বাহী কাউন্সিলের সদস্যগণের মতামত গ্রহণ করত নীতিমালাটি চূড়ান্তকরণ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) নির্বাহী কাউন্সিলের আগ্রহী সদস্যগণের মতামত গ্রহণ ও তা পর্যালোচনা করত গবেষণা নীতিমালা প্রণয়নের কার্যক্রম গঠিত কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br>খ) কমিটি কর্তৃক চূড়ান্তকৃত নীতিমালাটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের ব্যবস্থা নিতে হবে। | ক) রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।<br>খ) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |
| ০৯. | **<u>বিসিসি এর সাথে সমঝোতা স্মারক অনুমোদন:</u>**<br>সদস্য সচিব জানান, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল(বিসিসি) এর দক্ষ প্রশিক্ষক এর মাধ্যমে ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থীদের অধিবেশন গ্রহণ, শিক্ষা সফর ও ল্যাবের সহায়তা গ্রহণ, প্রশিক্ষণ শেষে ইন্টার্নশীপ এর ব্যবস্থা গ্রহণ এবং ইনস্টিটিউটে বিসিসি এর সহযোগিতায় স্মার্ট জব ফেয়ার_আয়োজন বিষয়ে বিসিসি এর সাথে আলোচনাক্রমে সমঝোতা স্মারকের খসড়া প্রস্তুত করা হয়েছে। ইনস্টিটিউটের সাথে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর সমঝোতা স্মারক স্বাক্ষরের অনুমোদন প্রদান করা যেতে পারে। তিনি আরও উল্লেখ করেন, বাংলাদেশ বিমানের ফ্লাইট ক্যাটারিং সার্ভিস এবং হোটেল | ক) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর সাথে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সমঝোতা স্মারক স্বাক্ষরের নীতিগত অনুমোদন প্রদান করা হলো।<br>খ) ইন্টার্নশীপ প্রয়োজন এরূপ প্রশিক্ষণ কোর্সের ক্ষেত্রে বা ইনস্টিটিউট এর সহযোগিতা প্রয়োজন এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করতে হবে। | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন/ অগ্রগতি |
|---|---|---|---|
| | Le Meridien, Dhaka এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | | |
| ১০. | **নব নিযুক্ত কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণের পাঠ্যক্রম ও বাজেট অনুমোদন:**<br><br>সদস্য সচিব জানান যে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে ১ম ও ২য় শ্রেণির ২২ জন কর্মকর্তাকে নিয়োগ প্রদান করা হয়। তন্মধ্যে কর্মরত ২০ জন কর্মকর্তাকে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত পাঠ্যক্রম ও ১৩,২০,৬৬০/-(তের লক্ষ বিশ হাজার ছয়সত ষাট) টাকার বাজেট প্রস্তুত করা হয়েছে। ইনস্টিটিউটের প্রশিক্ষণ খাত হতে উক্ত ব্যয় নির্বাহ করা সম্ভব। তিনি খসড়া পাঠ্যক্রম ও বাজেট অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সদস্যগণ এ বিষয়ে আলোচনাপূর্বক খসড়া পাঠ্যক্রম ও বাজেট অনুমোদনের বিষয়ে একমত প্রকাশ করেন। | নব নিযুক্ত কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণের পাঠ্যক্রম ও বাজেট অনুমোদন করা হলো। প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা ব্যয় নির্বাহ করতে হবে। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |
| ১১. | **ইনস্টিটিউটের নিজস্ব আয় বাবদ অর্থ ফিক্সড ডিপোজিটকরণ:**<br><br>সদস্য সচিব জানান, ফেব্রুয়ারী ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত কর্মকর্তা ও কর্মচারীদের আবাসিক কোয়ার্টার এর ভাড়া বাবদ ১৭,৪৯,২০২/- টাকা এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরে আন্তর্জাতিক হোস্টেল ও অন্যান্য স্থাপনা ভাড়া বাবদ প্রাপ্ত ৯,৫৯,৫৭৫/- টাকা সর্বমোট = ২৭,০৯,০৪২/- (সাতাশ লক্ষ নয় হাজার বিয়াল্লিশ) টাকা ইনস্টিটিউটের একাউন্টে জমা রয়েছে। ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারীদের অবসরোত্তর সুবিধা নিশ্চিতের লক্ষ্যে নিজস্ব আয় বাবদ আদায়কৃত অর্থ ফিক্সড ডিপোজিট করা যেতে পারে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারীদের অবসরোত্তর সুবিধা নিশ্চিতের লক্ষ্যে নিজস্ব আয় বাবদ অর্থ নিয়মিতভাবে ফিক্সড ডিপোজিটকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |
| ১২. | **ইনস্টিটিউটের ৩ টি ডিপ্লোমা কোর্সের ইন্টার্নশীপ চালুকরণ ও বাজেট অনুমোদন:**<br><br>সদস্য সচিব সভায় অবহিত করেন, ইনস্টিটিউটে বর্তমানে ৬ মাস মেয়াদী ৩টি ডিপ্লোমা কোর্স যথাক্রমে Diploma in ICT, Diploma in Web Application and Web Development, Diploma in Hotel, | ইনস্টিটিউটের ৩ টি ডিপ্লোমা কোর্স এবং ৩ মাস মেয়াদী ৩ টি কোর্সের বিদ্যমান বাজেটের ধারাবাহিকতায় ইন্টার্নশীপ চালু ও এর বাজেট অনুমোদন করা হলো। | মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন/ অগ্রগতি |
|---|---|---|---|
| | Tourism and Hospitality Management এবং ৩ মাস, ২ মাস, ১ মাস ও ২ সপ্তাহ মেয়াদী বিভিন্ন সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে। ইনস্টিটিউটের বর্ণিত ৩ টি ডিপ্লোমা কোর্স এবং ৩ মাস মেয়াদী i) Food and Beverage Production ii) Bekary and Pastry Production iii) Housekeeping and Hospitality Management কোর্সের ইন্টার্নশিপ শুরু করা প্রয়োজন। ইন্টার্নশীপের মাধ্যমে প্রশিক্ষণার্থীরা প্রয়োজনীয় দক্ষতা অর্জনের মাধ্যমে কর্মসংস্থানের ক্ষেত্রে অধিকতর সুবিধা পেতে পারে। বিভিন্ন প্রতিষ্ঠানে ইন্টার্নশীপ করার প্রয়োজনে প্রশিক্ষণার্থীদের যাতায়াত ও সংশ্লিষ্ট প্রয়োজন মেটানোর জন্য বাজেট অনুমোদন করা প্রয়োজন। তিনি ২০২৩-২০২৪ অর্থবছরে প্রশিক্ষণ খাতে প্রাপ্ত মোট বরাদ্দ, এ বরাদ্দ দ্বারা প্রশিক্ষণ প্রদান যোগ্য প্রশিক্ষণার্থী সংখ্যা, ইনস্টিটিউটের চলমান ডিপ্লোমা ও সংক্ষিপ্ত কোর্সের জন্য নির্ধারিত বাজেট বরাদ্দ ইত্যাদি তথ্য সভায় উপস্থাপন করেন। উল্লিখিত ০৬টি কোর্সে ৩ মাসের ইন্টার্নশীপ শুরু করার জন্য প্রতি প্রশিক্ষণার্থীর দৈনিক ভাতা ৩০০/- (তিনশত) টাকা হিসেবে ৩ টি ডিপ্লোমা কোর্সে ১২০(৪০×৩) জন প্রশিক্ষণার্থীর জন্য ৩২,৪০,০০০/-(বত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা ও ৩ টি ৩ মাস মেয়াদী কোর্সে মোট ১০৫(৩৫×৩) জন প্রশিক্ষণার্থীর জন্য ২৮,৩৫,০০০/- (আঠাশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা মোট ৬০,৭৫,০০০(ষাট লক্ষ পঁচাত্তর হাজার) টাকার বাজেট অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন, ইন্টার্নশীপ বাবদ প্রয়োজনীয় অর্থ প্রশিক্ষণ খাত হতে নির্বাহ করা সম্ভব। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থাপিত চলমান ও বর্ণিত ৬ টি কোর্সের বিদ্যমান বাজেটের ধারাবাহিকতায় ৬টি কোর্সের ইন্টার্নশীপ শুরু করার জন্য প্রস্তাবিত বাজেট অনুমোদনের বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন। | | |
| ১৩. | **নব নিয়োগপ্রাপ্ত ৩য় শ্রেণির কর্মচারী জনাব মোঃ খালেদ খাঁন মাসুম, ব্যক্তিগত সহকারীকে কারণ দর্শানোর প্রেক্ষিতে প্রাপ্ত জবাবের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ:**<br>সদস্য সচিব সভায় অবহিত করেন যে, জনাব মোঃ খালেদ খাঁন মাসুম, ব্যক্তিগত সহকারী হিসেবে ১১/০৭/২০২৩ তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে | জনাব মোঃ খালেদ খাঁন মাসুম, ব্যক্তিগত সহকারী সম্পর্কে জেলা প্রশাসক, চাঁদপুর এর মাধ্যমে তদন্তপূর্বক প্রতিবেদন গ্রহণ করতে হবে। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন/ অগ্রগতি |
|---|---|---|---|
| | ২৬/০৭/২০২৩ তারিখ হতে এ ইনস্টিটিউটে কর্মরত আছেন। নিয়োগ পরবর্তীতে ১৬/০৮/২০২৩ তারিখে পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে তার বিরুদ্ধে কোন বিরুপ মন্তব্য পাওয়া যায়নি। উল্লেখ্য যে, ২৪ আগস্ট ২০২৩ তারিখে যুদ্ধাপরাধের দায়ে দন্ডপ্রাপ্ত জনৈক দেলোয়ার হোসেন সাঈদীর মৃত্যুতে তিনি তার ফেসবুক একাউন্ট থেকে কান্নার ইমোজি দিয়ে উক্ত ব্যক্তির ছবি পোষ্ট করেন। বিষয়টি মৌখিক জিজ্ঞাসাবাদের সময় তিনি স্বীকার করেন। তার বিষয়ে পুনঃ তদন্তের জন্য ০৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়। এনএসআই এর তদন্ত রিপোর্টে তিনি বিএনপি মতাদর্শী ও তার পরিবার বিএনপি মতাদর্শী বলে জানানো হয়।<br><br>০৪ অক্টোবর ২০২৩ তারিখে বর্ণিত বিষয়ে কারণ ব্যাখ্যা চেয়ে তার বরাবর পত্র প্রেরণ করা হয়। পত্রের জবাবে তিনি উল্লিখিত বিষয়ের জন্য খুবই অনুতপ্ত মর্মে উল্লেখ করেন এবং ক্ষমা প্রার্থনা করেন। তিনি বিএনপি মতাদর্শী না বলে উল্লেখ করেন এবং স্থানীয় আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের কাছ থেকে ০২টি প্রত্যয়ন পত্র সংযুক্ত করেছেন। বিষয়টি সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। জনাব মো: খালেদ খান মাসুম, ব্যক্তিগত সহকারী সম্পর্কে দুইটি ভিন্ন সংস্থা হতে প্রাপ্ত ভিন্ন ভিন্ন প্রতিবেদনের বিষয়টি বিবেচনা করে এ বিষয়ে পুন:তদন্ত করা প্রয়োজন মর্মে সভায় সদস্যগণ একমত পোষণ করেন। | | |
| ১৪. | **বিবিধ:**<br><br>সদস্য সচিব জানান, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন ২০১৮ সালে প্রণয়ন করা হলেও অদ্যাবধি বিধি প্রণয়ন করা হয়নি। বিধি প্রণয়ন করা যাবে মর্মে বর্ণিত আইনের ২৫ ধারায় উল্লেখ করা আছে। সদস্য সচিব শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন ২০১৮ এর আলোকে বিধি প্রণয়ন করা প্রয়োজন মর্মে সভায় উল্লেখ করেন।<br><br>এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। একটি উপকমিটির মাধ্যমে বিধি প্রণয়ন করার বিষয়ে সভার সদস্যগণ একমত পোষণ করেন। | ক) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন ২০১৮ এর আলোকে বিধি প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপ উপ কমিটি গঠন করা হলো:<br>১। রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আহবায়ক<br>২। জনাব ড. মোঃ শহীদুল ইসলাম, সহকারী পরিচালক( প্রশিক্ষণ)<br>৩। জনাব মোঃ ফাইরুজ আল মোস্তাকিম, সহকারী পরিচালক<br>৪। জনাব বি, এম, আসিফ আকাশ, প্রভাষক, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি<br>৫। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), | ক) রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন/ অগ্রগতি |
|---|---|---|---|
| | | হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট সদস্য সচিব।<br><br>খ) কমিটি কর্তৃক প্রণীত খসড়া বিধিমালা নির্বাহী কাউন্সিলের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | খ) মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল। |

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১২/১১/২০২৩
ড. মহিউদ্দীন আহমেদ
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
সভাপতি, নির্বাহী কাউন্সিল
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.shniyd.gov.bd

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০০২.১৯- ২১৪

তারিখ: ২৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ / ১২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব রনজিৎ কুমার, নির্বাহী পরিচালক (গ্রেড-১), বিসিসি, ঢাকা।
০২। জনাব মোঃ মোস্তফা কামাল মজুমদার, মহাপরিচালক (অতি: দায়িত্ব), যুব উন্নয়ন অধিদপ্তর ও অতিরিক্ত সচিব যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৩। জনাব মোঃ মফিজুর রহমান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
০৪। জনাব সুব্রত ভৌমিক, যুগ্ম সচিব, সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৫। জনাব মোহাঃ লিয়াকত আলী, যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৬। জনাব মোসাঃ ফেরদৌসী বেগম, যুগ্ম সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৭। জনাব সৈয়দা নওসারা জাহান, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, ঢাকা।
০৮। জনাব নূরুন নাহার, যুগ্মসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

০৯। জনাব মোসাম্মৎ জোহরা খাতুন, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
১০। ড. সুলতান মাহমুদ ভূইয়া, পরিচালক, ইউজিসি, ঢাকা।
১১। জনাব জেবউন নেছা, অধ্যাপক, লোক প্রশাসন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।
১২। জনাব মোঃ শাহীনুর রহমান, এমডিএস, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
১৩। জনাব শরীফ মোঃ ইসমাইল হোসেন, উপসচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
১৪। জনাব তাছলিমা আক্তার, উপপরিচালক, এনএসডিএ, ঢাকা।
১৫। জনাব মোঃ আমিন হেলালী, সিনিয়র সহ সভাপতি, এফবিসিসিআই, ঢাকা।
১৬। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২/০১/২০২৬

আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
ও
সদস্য সচিব, নির্বাহী কাউন্সিল
ফোন : ০২-২২৪৪২৬০৩০
ই-মেইল : dgshniyd@shniyd.gov.bd